কোটচাঁদপুরে গাঁজা সহ আটক ৩

ঝিনাইদহের কোটচাঁদপুরে গাঁজাসহ ৩ জনকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। বৃহস্পতিবার রাতে শহরের পোষ্ট অফিস এলাকা থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, পোষ্ট অফিস পাড়ার মৃত আনসার আলীর ছেলে হাফিজুর রহমান (৪৫), বাজার পাড়ার তাজেম আলীর ছেলে ইসরাঈল হোসেন (৩৮) ও সলেমানপুর বাজার এলাকার মোজাফফর ইসলামের ছেলে মাহাফুজুল ইসলাম (২৫)।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, বৃহস্পতিবার রাতে গোপন সংবাদের ভিত্তিতে শহরের পোষ্ট অফিস এলাকায় অভিযান চালানো হয়।

এসময় মাদক ব্যবসায়ী হাফিজুরের বাড়ি তল্লাশী করে কাগজে মুড়ানো অবস্থায় ১৭ পুরিয়া গাঁজাসহ ৩ জনকে আটক করা হয়।

ওসি জানান, আটককৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার তাদেরকে জেল হাজতে প্রেরণ করা হয়।

মেহেরপুরে আরও একজন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। তিনি মুজিবনগর উপজেলার বাসিন্দা।

শুক্রবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৬ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ১ জনের। আর নেগেটিভ আসে ১৫ জনের।

সূত্রে আরো জানা যায়, এ পর্যন্ত সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ৪৯৬৯ টি, সর্বমোট ফলাফল এসেছে ৪৮৮৬ টি, সর্বমোট পজিটিভ ৭১১ জন,

সুস্থ ৬২২ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৫ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ১৮ (সদরে-০৭, গাংনীতে- ০৪ ও মুজিবনগরে- ০৭) জন।

ভিন্নসূত্রে পাওয়া পাওয়া পজিটিভের পরিচয়- মুজিবনগর উপজেলার বল্লভপুরের শতাব্দী(২০)।

মেহেরপুরে রাসেলের উদ্যোগে কুইজ প্রতিযোগিতা

মেহেরপুরের যুব উদ্যোক্তা এস এম রাসেল এর উদ্যোগে বঙ্গবন্ধু সাধারণ জ্ঞান কুইজ যোগিতা আয়োজন করা হয়েছে। শুক্রবার সকাল ১০টায় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজে এই কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

এই কুইজ পরীক্ষায় অংশগ্রহণ করে রশ্মি কম্পিউটার এবং ট্রেনিং সেন্টারের ৬০ জন ছাত্র-ছাত্রী। পরিদর্শক হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন ও গণমাধ্যম কর্মী আতাউর রহমান এবং রশ্মি কম্পিউটার এবং ট্রেনিং সেন্টারের স্বত্বাধিকারী এস এম রাসেল।

অল্প কিছুদিনের মধ্যেই বিজয়ীদের নাম ঘোষণা করা হবে। এই কুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী কে ৫০০০ টাকা এবং দ্বিতীয় স্থান অধিকারী কে ১৫০০ টাকা পুরুষ্কার দেওয়া হবে। যারা মেধাতালিকায় প্রথম হবে তাদেরকে কম্পিউটার থেকে শুরু করে বিভিন্ন পুরস্কার দিয়ে সপ্তম স্থান অধিকারী পর্যন্ত পুরস্কৃত করা হবে।

এস এম রাসেল বলেন, স্বাধীনতার সঠিক ইতিহাস ও বঙ্গবন্ধু কে সবার মাঝে তুলে ধরার জন্যই আমার এই ছোট্ট আয়োজন। মেহেরপুর জেলার সর্বোচ্চ সম্মানিত ব্যক্তিবর্গদের মাধ্যমে পুরস্কার বিজয়ীদের হাতে তুলে দেওয়া হবে।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ৪৩তম বর্ষপূর্তি উৎসব অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ৪৩ বর্ষপূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ চত্বরে শুক্রবার দিনব্যাপি এ উৎসবের আয়োজন করা হয়। উৎসবের আলোচনা পর্বে সভাপতিত্ব করেন সাহিত্য পরিষদের সভাপতি অধ্যাপক হামিদুল হক মুন্সি। অতিথি ছিলেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম, সাবেক অধ্যক্ষ নওরোজ মোহাম্মদ সাঈদ ও অধ্যাপক আব্দুল মোহিত।
অনুষ্ঠানে আবৃত্তি, স্বরচিত কাবিতা পাঠ, স্থানীয় লেখকদের বই প্রদর্শনী ও বিক্রয় এবং মুজিববর্ষ উপলক্ষে আয়োজিত সাহিত্য প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়। উৎসবের শুরুতে অনুষ্ঠানের সভাপতি হামিদুল হক মুন্সি এবং অতিথি জাহিদুল ইসলাম জাতীয় ও পরিষদের পতাকা উত্তোলন করেন।

আলমডাঙ্গার মুন্নি যাতা পিষেই লাখপতি

‘ভেজালের ভিড়ে খাঁটির খোঁজে’ এমনই উদ্যোগ নিয়ে কাজ করছেন আলমডাঙ্গার চিৎলা গ্রামের পাপিয়া সুলতানা মুন্নি, পরিবারের বড় সন্তান সে। উচ্চমাধ্যমিকের পর বিয়ে হয়ে যায় তার। স্বামী ও এক সন্তান নিয়ে তার চলছিল সুখের সংসার ।

কিন্তু বৈশ্বিক মহামারি করোনায় কর্মহীন হয়ে পড়েন মুন্নির স্বামী। সংসারের টানাপোড়োন ও বাচ্চা নিয়ে দিশেহারা হয়ে পড়েন তিনি।

এরপরই তিনি সিদ্ধান্ত নেন নিজে কিছু একটা করবেন। তিনি ফেসবুক

ঘাটতে ঘাটতে একদিন নিজে দাঁড়িয়ে যাবার একটা পথ খুঁজে পান। দেখা মেলে ই-কমার্স পেজের সাথে। এই পেজই তার ভাগ্য বদলে দেয়।

চলতি বছরের জানুয়ারি থেকে ‘খাঁটির খোঁজে’ নামক ফেসবুক পেইজ দিয়ে শুরু হয় মুন্নির উদ্যোক্তা জীবন। তিনি প্রথমে সম্বল হিসেবে নেন গ্রামের বাড়ির একটি যাতা। যাতায় ভাঙ্গাতে থাকেন মাসকলাইয়ের ডাল। চাল কুমড়া ও মাসকলাইয়ের ডালের মিশ্রণে তৈরী করতে থাকেন খাটি কুমড়া বড়ি। দেদারছে বিক্রি হতে থাকে খাটি এই বড়ি।

এরপর তিনি আরও আত্মবিশ্বাসী হয়ে বিক্রি শুরু করেন সব রকমের কৃষি পণ্য যেমন-গমের লাল আটা, যাতায় ভাঙ্গানো মসুর ডাল, ঢেঁকি ছাটা চাউলের গুড়া, মসুর ও মাসকলাইয়ের ডাল। এছাড়াও তিনি এক সময়ের গ্রামীণ জনপদের ঐতিহ্যবাহী খাবার গুড়ের মুড়কি বানিয়েও বিভিন্ন এলাকাতে সরবরাহ করছেন।

মুন্নির ব্যবসা এখন অনেক প্রসারিত। দেশের বিভিন্ন জেলাতে অনলাইনে তার পণ্য সরবরাহ চলছে। ৯০০ টাকার পুঁজির মুন্নি এখন নিজেই লাখপতি।

মুন্নি বলেন, “আমি গ্রামের মেয়ে। ছোটবেলা থেকেই দেখতাম মা- চাচিরা যাতায় ভেঙে নানা রকমের খাদ্যদ্রব্য বানিয়ে খেতেন। আমার ব্যবসা যখন শুরু করি, তখন থেকেই ভাবতাম ক্রেতাদের কাছে কিভাবে খাঁটি পণ্য পৌঁছে দেবো।

মূলত এজন্যই সিদ্ধান্ত নিই চুয়াডাঙ্গা জেলার উৎপাদিত কৃষিপণ্য নিয়ে কাজ করার। শুরুটা ছিল কুমড়ার বড়ি ও গমের লাল আটা হোমডেলিভেরির মাধ্যমে।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত দুজন

আলমডাঙ্গার হক ফিলিং স্টেশনের সন্নিকটে গতকাল বৃহস্পতিবার দুপুরে ট্রাক্টরের চাপায় পাখি ভ্যানের দুইজন আরোহী গুরুতর আহত হয়েছেন।

আহতদের সংকটাপন্ন অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত দুজন হলেন আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়নের জুগিরহুদা গ্রামের মোয়াজ্জেম হোসেনের ছেলে সাহাবুল হক ও একই গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে রমজান আলী।

প্রত্যক্ষদর্শীরা জানান, জুগিরহুদা গ্রাম থেকে সাহাবুল হক পাখি ভ্যানে পান বোঝায় করে আলমডাঙ্গা হাটে আসছিলেন। পানের মালিক রমজান আলী ভ্যানেই বসা ছিলেন। তাদের ভ্যান আলমডাঙ্গার হক ফিলিং স্টেশনের কাছাকাছি পৌঁছালে একটি দ্রুত গতির ট্রাক্টর নিয়ন্ত্রণ হারিয়ে ভ্যানের পেছনে সজোরে ধাক্কা দেয়। এতে ভ্যানটি সড়কের ওপর উল্টে গেলে ট্রাক্টরটি ভ্যানের ওপর উঠে পড়ে।

এ ঘটনায় ভ্যানচালক সাহাবুলের পেটের ভুড়ি বেরিয়ে গেলে অতিরিক্ত রক্তক্ষরণ হয় এবং তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। সড়কে পড়ে থাকা রমজানের পা ও বুকের ওপর দিয়ে ট্রাক্টরের চাকা চলে যায়। এতে তার একটি পা ভেঙ্গে যায়। ঘটনায় ট্রাক্টর চালক চুয়াডাঙ্গার শলুয়া বলদিয়ার ওমর আলীর ছেলে আবু শামাও আহত হন।

স্থানীয়রা আহত তিনজনকেই আলমডাঙ্গার ফাতেমা টাওয়ার হাসপাতালে ভর্তি করান। কিন্ত ভ্যান চালক সাহাবুল ও পান ব্যাপারী রমজান আলীর অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাদেরকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

আহত সাহাবুলের ভাই নিজাম উদ্দিন রাজশাহী থেকে জানান, রাতে দুজনকেই অপারেশন করবেন বলে ডাক্তাররা জানিয়েছেন ।

কোটচাঁদপুরে নারী নির্যাতন প্রতিরোধ দিবস উপলক্ষে

[redacted]

“[redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]” [redacted] [redacted] [redacted]

বেকার সমস্যা সহ অনান্য বিষয় নিয়ে আলোচনা করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক আশরাফুল ইসলাম নিরব, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন প্রমুখ।

কালীগঞ্জে স্বাস্থ্য সহকারীদের অনির্দিষ্টকালের কর্মবিরতী

বেতন বৈষম্য নিরসনের দাবিতে অনির্দিষ্টকালের কর্মবিরতী পালন করেছে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য সহকারীরা।

গতকাল বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে তারা এ কর্মসূচী পালন করেছে।

বাংলাদেশ হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশন, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় পরিদর্শক সমিতি, বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় মাঠ কর্মচারী এসোসিয়েশন ও বাংলাদেশ হেল্থ ইন্সপেক্টর সেক্টোরাল এসোসিয়েশন যৌথভাবে এই কর্মসূচী পালন করছেন।

জেলা হেল্থ এসিস্ট্যান্ট এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ফারুক হোসেন জানান, আমরা মাতৃ ও শিশু মৃত্যুর হার কমানো, শিশুদের যক্ষা নিয়ন্ত্রণ, পোলিও মুক্ত, ম্যালেরিয়া নিয়ন্ত্রণসহ গুটি বসন্ত মুক্ত বাংলাদেশ গড়তে নিরলস কাজ করে যাচ্ছি ।

কিন্তু আমরা চাকরির শুরু থেকে অবহেলিত ও বেতন বৈষম্যের শিকার হয়ে আসছি। প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী আমাদের দাবি মেনে নিলেও তা বাস্তবায়ন হয়নি। তাই বাধ্য হয়ে আমরা কর্মবিরতী ঘোষণা করেছি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]